দৈনিক
আমাদের সময়

তারিখ 08 FEB 2018
পৃষ্ঠা ৬ কলাম ১

# এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু ২ এপ্রিল

নিজস্ব প্রতিবেদক ● চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষা আগামী ২ এপ্রিল শুরু হবে, তত্ত্বীয় পরীক্ষা চলবে ১৩ মে পর্যন্ত। গতকাল ২০১৮ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষার সূচি অনুমোদন করে তা প্রকাশ করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

বেশ কয়েক বছর ধরে ১ এপ্রিল থেকে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হলেও এবার ওই মাসের প্রথম দিন ইস্টার সানডের বন্ধ থাকায় ২ এপ্রিল এই পরীক্ষা শুরু হবে। সূচি অনুযায়ী ১৪ থেকে ৩০ মে হবে ব্যবহারিক পরীক্ষা।

পরীক্ষার্থীদের পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে অবশ্যই কেন্দ্রে গিয়ে আসনে বসতে হবে। এবারও শুরুতে বহুনির্বাচনী (এমসিকিউ) অংশ এবং পরে রচনামূলক অংশের পরীক্ষা হবে।